উপজেলা পরিষদ

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসে অনুষ্ঠিত (২৬ তম) মাসিক সভার (জুম) কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৬/০৭/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

মাধ্যম : জুম কনফারেন্স।

আলোচ্য সভা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভাপতি ভিডিও কনফারেন্সে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরুপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, করোনায় রাজবাড়ীর পরিস্থিতি খুবই খারাপ হচ্ছে। ঈদের পরদিন ২২ থেকে ২৪ জুলাই, ২০২১ পর্যন্ত ০৩ দিনে ১৮৬ জনের করোনা টেস্ট করলে ৮৫ জনের পজেটিভ পাওয়া গেছে। কেউ জ্বর, কাশি নিয়ে হাসপাতালে আসলে তাদেরকে করোনার টেস্ট করার জন্য বলা হচ্ছে।<br>তিনি বলেন যে, ভ্যাকসিনের জন্য প্রতিদিন ৪০০/৫০০ জন রেজিষ্টেশন করলেও প্রতিদিন ৩০০ জনকে করোনার ভ্যাকসিন দেয়া হচ্ছে। বিদেশ থেকে এখনও করোনার টিকা আসছে। তিনি বলেন, আগামী ৭, ৮ ও ৯ আগস্ট, ২০২১ তারিখে সপ্তাহ ব্যাপী ইউনিয়ন পর্যায়ে গণটিকা কার্যক্রম শুরু হবে। ইউনিয়ন পরিষদের সাবেক ০১ নং ওয়ার্ডের ২৫ বছরের উর্দ্ধে পুরুষ ও মহিলাদের মাঝে টিকা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ৫০ বছরের উর্দ্ধে বয়স্ক, মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিয়ে সবাইকে টিকা দেওয়া হবে। ২৫ বছরের উর্দ্ধে নিবন্ধন সাপেক্ষে সকলেই টিকা পাবেন মর্মে তিনি জানান। | আগামী ৭, ৮ ও ৯ আগস্ট, ২০২১ তারিখে সপ্তাহ ব্যাপী ইউনিয়ন পর্যায়ে গণটিকা কার্যক্রমে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান গণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ৬৩০ জন কৃষকের মাঝে রোপা আমন ধানের বীজ ও সার সফলভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরোও বলেন যে, ২১০ জন কৃষকের মাঝে ০৫ কেজি করে নাবিজাতের আমন ধানের বীজ বিতরণ করা হবে। উক্ত প্রণোদনার কাজ সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে অপরিকল্পিতভাবে রাস্তা, ঘর-বাড়ি, পুকুর ও অন্যান্য প্রতিষ্ঠান হওয়াতে পানি নিস্কাশনের অভাবে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে যা ফসল উৎপাদনে বিঘ্ন ঘটছে এবং কৃষক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। জলাবদ্ধতা নিরসনে আশু পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। পানি নিস্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন ইউনিয়নে অপরিকল্পিতভাবে রাস্তা, ঘর-বাড়ি, পুকুর ও অন্যান্য প্রতিষ্ঠান হওয়াতে পানি নিস্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২। সংশ্লিষ্ট বিভাগ |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, কোরবানির পশুর হাটে ভেটেরিনারি মেডিক্যাল টিম দায়িত্ব পালন করছেন। এছাড়া করোনা কালীন সময়ে খামারি এবং ক্রেতা সাধারণের সুবিধার্থে অনলাইন কোরবানির পশুর হাট চালু করা হয়। এবারের হাটে বেশ কিছু বড় আকারের গরু বিক্রয় হয়নি ; তবে মাঝারি এবং ছোট গরু ন্যয্য দামে বিক্রয় হয়েছে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা খামারিগণকে বড় আকারের গরু প্রস্তুত করার চেয়ে মাঝারি এবং ছোট আকারের গরু পালন করার পরামর্শ দেন। গবাদিপশুকে ক্ষুরা রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের লক্ষ্যে সকল ইউনিয়নে টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, করোনার মহামারিতে জনসাধারণের আমিষের চাহিদা পূরণে মৎস্য অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। জুলাই/২১ মাসে রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন হাট-বাজারে অভিযান পরিচালনা করা হয়। তবে কোন নিষিদ্ধ মাছ পাওয়া যায় নাই। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর। |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, ৫টি ক্লাষ্টারের ক্লাষ্টার ভিত্তিক Google Meet এ শ্রেণী পাঠদান কার্যক্রম চলমান আছে। যাদের এনড্রয়েড ফোন আছে, সে সকল শিক্ষার্থীদের সংযুক্ত করে ক্লাস চলমান রাখা হয়েছে। এছাড়া সকল শিক্ষার্থীদের সাপ্তাহিক মূল্যায়ন সীট বিদ্যালয় থেকে সরবরাহ করা হচ্ছে এবং পরের সপ্তাহে বিদ্যালয়ে মূল্যায়ন করে রেজিষ্টারে লিপিবদ্ধ করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জুন/২০২১ মাস পর্যন্ত সকল বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীর ভাতার পেরোল প্রেরণ করা হয়েছে। যে সকল ভাতাভোগীর বিকাশ নম্বর জনিত সমস্যার কারণে ভাতার টাকা জমা হয়নি তাদের তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যে সকল ইউনিয়নের ভাতাভাগীগণ বিকাশের মাধ্যমে ভাতার টাকা পায়নি তাদের তালিকা প্রস্তুতপূর্বক প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩০০ টি ঘরের মধ্যে ২৫০ টি গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। অবশিষ্ট ৫০ টি ঘরের কাজ খুব শীঘ্রই শুরু হবে। টিআর, কাবিখা ও ইজিপিপি'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ১৫৭৪ মেঃ টন চাউল, ৯৬২ মে: টন গম ও ২১২ মে: টন ধান মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, উপজেলা পরিষদের বাইরে তাদের নিজস্ব অফিস ভবন নির্মাণের জন্য খাস জমি বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর ও উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদরকে অনুরোধ জানান। তিনি বলেন যে, মোবাইল কোর্টের জন্য ব্যাটালিয়ান আনসার সার্বক্ষণিক প্রস্তুত থাকেন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, জুলাই/২০২১ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭২৭০৩ জন, গ্রহনকারী ৫৭৩৯৯ জন, গ্রহনকারীর হার ৭৮.৯৫%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০১ জন, মহিলা ০১ জন। মোট স্থায়ী পদ্ধতি ১০ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১১৩৪ জন, আইইউডি ১০৬ জন। ইমপ্লান্ট ৫৭ জন। আশ্রয়ন প্রকল্পে জুলাই/২০২১ মাসে মোট সক্ষম দপ্তির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৬ জন। গ্রহনকারীর হার ৮৯.৬৫%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে যুব ঋণ বিতরণ ক্রমঃ ৪,০৬,৯০,০০০/- টাকা, কিস্তি খেলাপী ২,৮২,০২৯/- টাকা, ঋণ খেলাপী ৩,৮৮,৯৫৯/- টাকা, প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ক্রমঃ ৫৮৪৫ জন, আত্নকমী ক্রমঃ ৩৬২৬ জন এবং অর্থ বছরে বিতরণ লক্ষ্যমাত্রা ৪৪,৫০,০০০/- টাকা। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুলাই মাসে ৩২১৯ টি মাল্টিমিডিয়া ক্লাস অনুষ্ঠিত হয়েছে। অধিক সংখ্যক শিক্ষার্থীর অনলাইন ক্লাসে অংশ গ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে Google Apps এবং Google Meet এর মাধ্যমে ক্লাস গ্রহণের জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট চলমান আছে। পরিস্থিতি ভাল হলে নভেম্বর মাসে এসএসসি এবং ডিসেম্বর মাসে হওয়ার সম্ভাবনা রয়েছে। এ্যাসাইনমেন্টের সাথে সংশ্লিষ্ট শিক্ষক শিক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে আসা যাওয়া করতে পারে সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। তার বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, ২০টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পল্লী অঞ্চলে ২০২০-২০২১ অর্থ বছরে ২২টি বিভিন্ন ধরণের টিউবওয়েলের কাজ সমাপ্ত হয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১ম পর্যায় ২০১৯-২০২০ অর্থ বছরে ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৭৮ টির কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় সরকারি ০৯ টি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। বর্ণিত প্রকল্প কর্মসূচির মধ্যে এডিবিভূক্ত ০৩ (তিন) টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে এ পর্যন্ত ০৭ (সাত)টি স্কীম বরাদ্দ পাওয়া গেছে যা বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, তার বিভাগের ঋণ আদায় হয়েছে ৪.২৭ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১.০৯ লক্ষ টাকা, সদস্য ভর্তি ০৫ জন, আদায়ের হার ৯০%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী বলেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |
| ১৯ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে ঋণ বিতরণ ৫৪.৯৯ লক্ষ টাকা, ঋন আদায় ৬১.৩৫ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১.১০ লক্ষ টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, দেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী আকার ধারণ করেছে। রাজবাড়ী সদর উপজেলায় প্রতিদিন অনেক মানুষ এই ভাইরাসে আক্রান্ত হচ্ছে এবং প্রতিদিনই আক্রান্তের হার বৃদ্ধি পাচ্ছে। এ কারণে উপজেলা পরিষদের তহবিল হতে রাজবাড়ী সদর উপজেলার জনগণের মাঝে বিনামূল্যে মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার বিতরণের জন্য প্রস্তাব করেন। সভায় অন্যান্য সদস্যগণও এ বিষয়ে একমত ব্যক্ত করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে রাজবাড়ী সদর উপজেলার জনগণের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার ক্রয় বাবদ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার প্রকল্প স্পট কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫। সভায় উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, উপজেলা নির্বাহী অফিসার এর নতুন বাসভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে উক্ত বাসভবনটি সিসি ক্যামেরার আওতা বহির্ভূত নয়। এছাড়াও পরিষদের পুকুরের চারপাশ সিসি ক্যামেরার আওতা বহির্ভূত নয়। এতে করে পরিষদের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশংকা রয়েছে। এমতাবস্থায়, উক্ত এলাকাসমূহ সিসি ক্যামেরার আওতায় আনার লক্ষ্যে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬। জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের দক্ষিণ-পশ্চিম পাশের ছাদের পাশ দিয়ে বৃষ্টির পানি পড়ে বারান্দা দিয়ে কক্ষে প্রবেশ করে। এতে করে বৃষ্টির দিনে বারান্দায় ও অফিস কক্ষে পানি জমে থাকায় অফিসের পরিবেশ নষ্ট হচ্ছে। তিনি উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের দক্ষিণ-পশ্চিম পাশের ছাদের উন্মুক্ত স্থানে টিন লাগানোর প্রস্তাব করেন। তিনি আরোও জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের বাথরুমের ফলছাদ থেকে টিপ টিপ করে সবসময় পানি পড়ে ওয়াল ভিজে শেওলা ধরেছে। ওয়ালে শেওলা ধরায় ওয়াল নষ্ট হওয়ায় তা সংস্কার করা প্রয়োজন।

অপরদিকে উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, উপজেলা পরিষদের পুরাতন ভবনের দোতলায় উপজেলা সমবায় অফিস অবস্থিত। উপজেলা সমবায় অফিসের ০৩ (তিন) টি রুমের দেয়াল দীর্ঘদিন যাবৎ রং না করায় রং চটে বিশ্রী আকার ধারন করেছে। অধিকাংশ জানালার কাঁচ ভেঙ্গে খোলা অবস্থায় রয়েছে এবং বাথরুমের গ্যাস পাইপ না থাকায় দুর্গন্ধ ছড়ানোর কারণে দাপ্তরিক কাজ করতে খুবই কষ্টসাধ্য হচ্ছে। এছাড়া বাথরুমের পানির কল মেরামত ও বাথরুমে একটি হাই কমোড স্থাপন সহ টাইলস লাগানোর ও বাথরুমের দরজা ও জানালা মেরামত রং করা জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর এবং উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের দক্ষিণ-পশ্চিম পাশের ছাদের উন্মুক্ত স্থানে টিন লাগানো, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের বাথরুমের পানির লাইন ও ওয়াল মেরামত ও রং করণ এবং উপজেলা সমবায় অফিসের জানালা, দরজা, ওয়াল মেরামত ও রং করণ এবং বাথরুমের পানির লাইন মেরামত ও বাথরুমে টাইলসসহ একটি হাই কমোড স্থাপন বাবদ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকার প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে স্পট কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৭। উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় উপজেলা প্রকৌশলীর দপ্তরের জন্য টেবিল, চেয়ার ও পর্দা ক্রয়ের প্রস্তাব জানান। তিনি উক্ত টেবিল, চেয়ার ও পর্দা ক্রয়ের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর দপ্তরের জন্য টেবিল, চেয়ার ও পর্দা ক্রয় বাবদ প্রাক্কলন অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৮। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, কোভিড-১৯ মহামারি চলাকালীন আমিষের চাহিদা পূরণে মৎস্য উৎপাদনের ক্ষেত্রে এই দপ্তর মৎস্যচাষীদের প্রয়োজনীয় সেবা প্রদান করে আসছে। অফিসের বাথরুমে পানি সরবরাহ না থাকায় এবং কমোড নষ্ট থাকায় অত্র দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা টয়লেট ব্যবহারে খুব অসুবিধার সম্মুখীন হচ্ছেন। তিনি অত্র অফিসের বাথরুম সংস্কার ও বাথরুমে পানির সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য অফিসের বাথরুম সংস্কার এবং বাথরুমে পানির সরবরাহের জন্য নতুন পানির মটর স্থাপন বাবদ ১,০০,০০০/- টাকার প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, ২০১৯-২০ অর্থবছরে 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় গৃহীত অবকাঠামো উপ-প্রকল্পের কাজগুলো টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার পর ঠিকাদার কর্তৃক সুন্দর ভাবে এগিয়ে চলছে এবং ২০২০-২১ অর্থবছরে 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় দক্ষতা উন্নয়ন ও অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণের জন্য বিভিন্ন উপজেলা কমিটি ও দপ্তর প্রধানদের সুপারিশকৃত উপ-প্রকল্প সমূহ যাচাই বাছাই কমিটি কর্তৃক বিস্তারিত আলোচনান্তে যাচাই বাছাই শেষে নিম্নোক্ত উপ-প্রকল্প সমূহ উপজেলা পরিষদের মাসিক মিটিং এ অনুমোদনের জন্য প্রেরণ করা হয় :

**'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প' এর আওতায় বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত 'দক্ষতা উন্নয়ন' উপ-প্রকল্প সমূহ :**

| ক্রমিক নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১ | যুবকদের বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ |
| ০২ | বেকার যুবকদের ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং এবং পানির লাইন স্থাপন ও মেরামত বিষয়ক প্রশিক্ষণ |
| ০৩ | যুব নারীদের উদ্যোক্তা তৈরির লক্ষ্যে এডভান্স বাটিক ও স্ক্রীন প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ |
| ০৪ | বানিজ্যিক ভাবে উচ্চমূল্যের ফল ও সবজি (ক্যাপসিকাম ও ড্রাগন) বাগান স্থাপনে কৃষক ও বেকার যুবকদের প্রশিক্ষণ |
| ০৫ | গ্রামীন যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বানিজ্যিক ভাবে গবাধি পশু ও হাঁস - মুরগির খাদ্য তৈরি বিষয়ক প্রশিক্ষণ |
| ০৬ | ই-মিউটেশন, ভূমি ব্যবস্থাপনা, সমস্যা ও সমাধান বিষয়ক প্রশিক্ষণ |
| ০৭ | যুব নারীদের উদ্যোক্তা তৈরির লক্ষ্যে ফুড ও বেভারেজ সার্ভিস বিষয়ক প্রশিক্ষণ |

**'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প' এর আওতায় বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত 'অবকাঠামো' উপ-প্রকল্প সমূহ :**

| ক্রমিক নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১ | ক. উদয়পুর আইডিয়াল স্কুলে বালিকাদের হাত ধোয়ার বেসিন ও ওয়াশ ব্লক নির্মাণ।<br>খ. মাটিপাড়া বাজারে হাত ধোয়ার বেসিন ও ওয়াশ ব্লক নির্মাণ। |
| ০২ | রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রিট লাইটের স্থাপনের মাধ্যমে আলোকায়ন। |
| ০৩ | মূলঘর উচ্চ বিদ্যালয়ে তৃতীয় তলায় প্রয়োজনীয় উপকরণসহ একটি ক্লাশরুম নির্মাণ । |
| ০৪ | রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ডিজিটাল ক্লাশরুম স্থাপন । |

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে উপ-প্রকল্প সমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলীকে অবকাঠামো উপ-প্রকল্প সমূহের বাজেট প্রাক্কলন যথাশীঘ্র সমাপ্ত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

১০। <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর জুন/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর জুন/২০২১ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী মহোদয়ের জানুয়ারি/২০২১ হতে জুন/২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ প্রদানকৃত ৪৯,২৫০/- (উনপঞ্চাশ হাজার দুইশত পঞ্চাশ) টাকার এবং জনাব মোছাঃ আলেয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী মহোদয়ের জানুয়ারি/২০২১ হতে জুন/২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ প্রদানকৃত ৪৩,৫০০/- (তিতাল্লিশ হাজার পাঁচশত) টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২০২১-১০৮৭(৫০)　　　　তারিখ : ২৬/০৭/২০২১ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ..........................................................

..........................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৬/০৭/২০

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।